

‘আর্কিটেক্ট অফ চেঞ্জ’ সম্মানে ভূষিত মিনু

অন্ধুর ভট্টাচার্য: পাবলিক রিলেশনস সোসাইটি অব ইন্ডিয়া সম্প্রতি কলকাতায় ‘রাডেজ ২০২২’ নামে পূর্ব ভারতের সবথেকে বড় ব্রান্ড কনফারেন্স আয়োজন করেছিল। সেই অনুষ্ঠানে ভবিষ্যতের বিজ্ঞাপন, সৃজনশীল যোগাযোগের মাধ্যম এবং আরও নানান বিষয় আলোচনা করা ছাড়াও বিশিষ্ট সমাজসেবী এবং কেয়ারিং মহিলাস, আই ক্যান ট্রাই ও ক্যাফে আই ক্যান ট্রাই-এর প্রতিষ্ঠাতা এবং অধিকর্তা মিনু বুথিয়াকে তাঁর কাজের স্বীকৃতি স্বরূপ ‘আর্কিটেক্ট অফ চেঞ্জ’ নামে ভূষিত ও সংবর্ধিত করা হয়।

অনুষ্ঠানের মুখ্য অতিথি কলকাতায় আমেরিকান কন্সাল জেনারেল মেলিন্ডা প্যাভেল এবং জুলজিকাল সার্ভে অব ইন্ডিয়ায় আধিকর্তা মৃতি বংশ্যাপাধ্যায় বুথিয়ার হাতে পুরস্কার তুলে দেন। পুরস্কার গ্রহণ করে বুথিয়া তাঁর বক্তব্য রাখতে থিয়ে পাবলিক রিলেশনস সোসাইটি অব ইন্ডিয়াকে ধন্যবাদ জানিয়ে বলেন, এই পুরস্কারটি গ্রহণ করে তিনি খুব উৎসাহিত বোধ করছেন। সেই সঙ্গে তাঁর



কাজের ব্যাপারে তিনি অনেক বেশি ধন্যবাদ জানান নিজের ছোট মেয়ে প্রাচীকে, কারণ সে একজন বিশেষভাবে সক্ষম বালিকা। মিনু বুথিয়া বলেন, ‘সেই একমাত্র, যে আমাকে অনুপ্রাণিত করেছে, ওর কাছ থেকেই আমি শিখেছি যে, শুধু পরিবর্তন আনলে হবে না,

নিজেকেও পরিবর্তিত করতে হবে। সুন্দর, উজ্জ্বল ও সুখী সমাজের ক্ষেত্রে সবথেকে বড় প্রতিবন্ধকতা হলে, আমাদের কিছু সামাজিক নেতিবাচক চিন্তা-ভাবনা দূরে রাখতে হবে। যেমন, লোকে কী বলবে? আমরা প্রত্যেকেই এই সমাজে বাস করি এবং আমরা যদি এই

অন্ধ চিন্তা ভাবনাগুলি ভাঙতে একে অপরকে সাহায্য করি, তাহলে দেখব, আস্তে আস্তে আর কেউ নিজের মানসিক সমস্যার কথা কাউকে জানাতে ভয় বা লজ্জা পাবেনা না।’

তিনি বলেন, ‘কেয়ারিং মহিলাস ও আই ক্যান ট্রাই, আমার এই দুই প্রতিষ্ঠানের মাধ্যমে আমি সবসময় চেষ্টা করছি, সামাজিক প্রতিবন্ধকতাকে দূরে সরিয়ে রেখে মানুষের কাছে সঠিক ও সহজবোধ্য পরিবেশা দিতে।’

পাবলিক রিলেশন সোসাইটি অব ইন্ডিয়া, যা পিআরএসআই নামেই বেশি পরিচিত। এই সংস্থা স্থাপিত হয় ১৯৫৮ সালে। এর মুখ্য উদ্দেশ্য হল, পাবলিক রিলেশনসকে একটি পেশা হিসেবে প্রতিষ্ঠিত করা এবং কৌশলগত ব্যবস্থাপনা, বাণ্যো ও প্রচারের মাধ্যমে সমস্ত মানুষের মধ্যে সক্রিয় যোগাযোগ স্থাপন করা। এই সোসাইটিটি বর্তমানে প্রথম সারির সরকারি এবং বেসরকারি সংস্থার হয়ে জন সচেতনতার কাজ করে চলেছে। পিএসআই-এর প্রধান লক্ষ্য হল রাডেজ-এর মাধ্যমে সব ক্ষেত্রে মানুষদের একত্রিত করা এবং ভবিষ্যতের রাডেজ করা।